

সাধারণ মূল্যায়ন কাঠামো অর্থাৎ কমন অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক (CAF) কী? (What is the Common Assessment Framework (CAF)?)

শিশু এবং কিশোর-কিশোরীদের সঙ্গে কাজ
করার একটি নতুন উপায় কমন অ্যাসেসমেন্ট
ফ্রেমওয়ার্ক (CAF)। এর অন্তর্ভুক্ত হল আপনার
এবং শিশুর কথা শোনা যাতে আপনাদের
প্রয়োজনগুলির বিষয়ে জানা যায়।

প্রত্যেক শিশুরই CAF থাকবে না - শুধু
তাদেরই এটি থাকবে যাদের অতিরিক্ত সাহায্য
অথবা সহায়তা প্রয়োজন। একবার মূল্যায়ন
সমাপ্ত হলে আপনার এবং শিশুর সম্মতি নিয়ে
একটি কর্মপরিকল্পনা তৈরি করা হবে যাতে
প্রয়োজনীয় সাহায্য এবং সহায়তা পাওয়ার
বিষয়টি সুনিশ্চিত হয়।

CAF স্বেচ্ছাপ্রসূত - এই ব্যাপারে যুক্ত হবেন
কি না তা আপনি এবং আপনার শিশু স্থির
করতে পারেন।

আপনি কি আরও জানতে চান? (Do you want to know more?)

আপনার শিশুর স্কুল অথবা স্থানীয় শিশুকেন্দ্রের সঙ্গে যোগাযোগ করে
আপনি আরও তথ্য পেতে পারেন।

কমন অ্যাসেসমেন্ট ফ্রেমওয়ার্ক এবং লিড প্রফেশনাল বিষয়ে আরও
তথ্য www.ecm.gov.uk অথবা
www.hertsdirect.org/caf-এ পাওয়া যাবে।

Design ref: 048196 HCTP 005



Every Child Matters Change for Children

শিশু এবং কিশোর-কিশোরীদের সাহায্য করার একটি
নতুন উপায়ে স্বাগতম (সাধারণ মূল্যায়ন কাঠামো)
(Welcome to a new way of helping
children and young people (the
Common Assessment Framework))

পিতা-মাতা এবং কেয়ারারদের জন্য একটি বার্তা (A message for parents and carers)

যদি আপনার শিশুর অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয়, তহলে
আমরা যত শীঘ্র সম্ভব সবচেয়ে ভালো উপায়টি খুঁজে পেতে চাই।
এই প্রচারপত্রে সকলে মিলে একসঙ্গে কাজ করার একটি নতুন
পথের সন্ধান দেওয়া হয়েছে যাতে আপনার শিশু সম্পর্কিত সব
সিদ্ধান্তের কেন্দ্রে থাকবে আপনার পরিবার।

পরিবারগুলিকে সাহায্য করার একটি নতুন উপায় (A new way of helping families)

CAF আমার পরিবারকে কীভাবে সাহায্য করবে? (How will the CAF help my family?)

যাতে আপনার শিশু প্রয়োজনীয় সাহায্য পায় তা সুনিশ্চিত করবে CAF। এর মাধ্যমে আপনি দ্রুত সমাধানে পৌঁছাতে পারেন অথবা প্রয়োজনে কোন্ সূত্র থেকে আরও সাহায্য পাওয়া যাবে তা চিহ্নিত করতে পারেন।

CAF সুনিশ্চিত করবে যাতে আপনার শিশুর সঙ্গে সংশ্লিষ্ট প্রত্যেকে – যেমন শিক্ষক-শিক্ষিকা এবং হেল্পিং ভিজিটর – আপনার পরিবারকে সাহায্য ও সমর্থন দেওয়ার জন্য একত্রে কাজ করেন।

CAF আপনার শিশুকে সূচনার পর্যায়ে এবং তার প্রয়োজনগুলি বেড়ে যাওয়ার আগে সঠিক সাহায্য দেবে। যেহেতু CAF হল একটি যৌথ মূল্যায়ন, তাই আপনাকে অথবা আপনার শিশুকে বিভিন্ন কর্মীর কাছে একই তথ্য বারবার উল্লেখ করতে হবে না।

হার্টফোর্ডশায়ার-এ ফর্ম ভর্তি করা এবং যাতে শিশুকে সাহায্য এবং সমর্থন করার সময় বিভিন্ন কর্মীরা সহযোগী মনোভাব নিয়ে কাজ করেন তা সুনিশ্চিত করাকে ‘সুসংহত কর্মাভ্যাস’ বলা হয়।

কখন ব্যবহার করা হয়? (When is the CAF used?)

যদি আপনি অথবা আপনার শিশুকে নিয়ে কাজ করেন এমন কেউ আরও সাহায্য ফেলে উপকৃত হন, তাহলে CAF ব্যবহার করা যেতে পারে। এটি আপনার শিশুর অতিরিক্ত প্রয়োজনগুলিকে শনাক্ত করতে এবং আপনার পরিবারের সমর্থনে অন্যান্য কর্মীদের সহায়তার প্রয়োজন কি না তা নির্ধারণে সাহায্য করবে।

এটি কীভাবে কাজ করে? (How does it work?)

যদি আপনি অথবা আপনার শিশু রাজি হন, তাহলে একজন কর্মী আপনাকে এবং আপনার শিশুকে কতগুলি প্রশ্ন জিজ্ঞাসা করে জেনে নেবেন আপনার শিশুর কী থরনের সাহায্য এবং সহায়তার প্রয়োজন। এই তথ্য একটি সরল ফর্ম-এ রেকর্ড করা হয়। ফর্ম-এ যা লেখা হবে সে বিষয়ে আপনি এবং আপনার শিশু একমত হবেন এবং আপনাকে সেই ফর্ম এর একটি অনুলিপি দেওয়া হবে।

অপেক্ষাকৃত বড় শিশুরা নিজেরাই তাদের পরিস্থিতি সম্পর্কে কর্মীদের সঙ্গে আলোচনা করতে পারে। যদি কোনো কিশোর-কিশোরী তার পিতা-মাতার কাছ থেকে তথ্য গোপন করার জন্য কর্মীকে অনুরোধ করে, তাহলে কর্মী সেই অনুরোধ মেনে চলবেন যদি তা সেই কিশোর-কিশোরীর স্বার্থ এবং কল্যাণের পক্ষে সহায়ক হয়।

গোপনীয়তা

নিয়ম অনুসারে আপনি এবং আপনার শিশু যে তথ্য দেন তা শুধু আপনার পরিবারের সম্মতি নিয়েই প্রকাশ করা হতে পারে। তবে কোনো কোনো সময় এমন হতে পারে যখন আপনার সঙ্গে যাঁরা কাজ করছেন তাঁদের কোনো তথ্য আদানপ্রদানের প্রয়োজন।

উদাহরণস্বরূপ :

- যখন জরুরি ভিত্তিতে তাদের এটা জানা প্রয়োজন যে কোনো শিশুর ক্ষতির ঝুঁকি আছে কি না ;
- ক্ষতির ঝুঁকি আছে এমন একটি শিশুকে সাহায্য করার জন্য ;
- যখন একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির ক্ষতির ঝুঁকি আছে ; অথবা
- একটি গুরুতর অপরাধ প্রতিরোধ অথবা উদ্ঘাটনের জন্য।



এরপরে কী হবে? (What happens next?)

আপনি এবং আপনার শিশু যে তথ্য দেবেন তার ভিত্তিতে আপনার শিশুকে সাহায্য করতে পারেন এমন সকলে একসঙ্গে কাজ করে শিশুর প্রয়োজনীয় সহায়তার ব্যবস্থা করবেন। শুধু সেই সব কর্মীরাই আপনার শিশু সম্পর্কে তথ্যের আদানপ্রদানের করবেন যাঁদের আপনার শিশু সম্পর্কে জানার প্রয়োজন।

প্রধান পেশাদার ব্যক্তি (Lead Professional) কে? (Who is a Lead Professional?)

যদি বেশ কয়েকজন ব্যক্তি আপনার শিশুকে সহায়তা প্রদান করেন, তাহলে তাঁদের মধ্যে একজনকে প্রধান পেশাদার ব্যক্তি অর্থাৎ ‘লিড প্রফেশনাল’ হিসেবে নিয়োগ করা যায়।

এই ব্যক্তি আপনাকে অবহিত রাখবেন, আপনার মতামত শুনবেন এবং আপনাকে সাহায্য করবেন। এই কর্মী আপনার শিশুর সাহায্যের জন্য সব পরিষেবাগুলির মধ্যে সমন্বয়সাধন করবেন।

কে লিড প্রফেশনাল হবেন সেই সিদ্ধান্তে আপনার এবং শিশুরও অবদান থাকবে।